

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০১.০০৪.২১.৫২২


তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় সমিতি ভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। একটি সমিতির সকল ঋণী সদস্য একত্রে ঋণ গ্রহণ করেন ও সকল সদস্যের ঋণ পরিশোধ হলে পুনরায় তাদের ঋণ প্রদান করা হয়ে থাকে। মাঠ পর্যায়ের চাহিদার প্রেক্ষিতে সমিতিভিত্তিক ঋণের পাশাপাশি বিভিন্ন উপজেলায় সাবগ্রুপ (সলিডারিটি গ্রুপ) ভিত্তিক ঋণ কার্যক্রম চালু রয়েছে। যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে ইচ্ছেমতো সাবগ্রুপ গঠন ও বারবার সাবগ্রুপের সদস্য পরিবর্তনের কারণে ঋণ কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। তাই বিভিন্ন সময়ে সাবগ্রুপ ভিত্তিক ঋণ বিতরণ পরিহার করে পর্যায়ক্রমে সমিতি ভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনার নির্দেশনা দেয়া হয়েছে। এমতবস্থায়, পর্যায়ক্রমে সমিতি ভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনার স্বার্থে বিদ্যমান সাবগ্রুপসমূহ পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে:

১. সমিতির বিদ্যমান সাবগ্রুপসমূহ উঠান বৈঠক/ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদন গ্রহণপূর্বক যথাযথভাবে গঠিত না হলে সমিতির ব্যবস্থাপনার অনুমোদন গ্রহণসহ ইউআরডিও কর্তৃক সাবগ্রুপসমূহের অনুমোদন গ্রহণ করতে হবে। উক্ত প্রত্যেকটি সাবগ্রুপের সদস্যদের নাম উল্লেখপূর্বক সাবগ্রুপ নম্বর প্রদান করে রেজিষ্টারে লিপিবদ্ধ করে হালনাগাদ করতে হবে;
২. নতুন করে কোনো সাবগ্রুপ গঠনপূর্বক ঋণ প্রদান করা যাবে না;
৩. সাবগ্রুপ ভিত্তিক ঋণ বিতরণের ক্ষেত্রে আবশ্যিকভাবে সাবগ্রুপ ওয়ারি পৃথক ঋণ লেজার থাকতে হবে। একই সাথে সমিতির মূল ঋণ লেজারেও ঋণ বিতরণ ও আদায়ের তথ্য লিপিবদ্ধ করতে হবে;
৪. ঋণ নথিতে সাবগ্রুপের ঋণ পরিশোধের তথ্যসহ মোট বকেয়া ঋণের তথ্য উল্লেখ করতে হবে;
৫. সাবগ্রুপে পুনরায় ঋণ প্রদানের ক্ষেত্রে সকল সদস্যদের শতভাগ ঋণ পরিশোধ থাকতে হবে, অর্থাৎ সাবগ্রুপের একজনের ঋণ বকেয়া থাকলে ঐ সাবগ্রুপে ঋণ বিতরণ করা যাবে না;
৬. সাবগ্রুপের কোন সদস্যকে সুবিধামতো অন্য কোন সাবগ্রুপে অন্তর্ভুক্ত করা যাবে না। অর্থাৎ একজন সুফলভোগী শুধুমাত্র একটি সাবগ্রুপেরই সদস্য হতে পারবেন। সাবগ্রুপের কোনো সদস্য কখনও একই সমিতির অন্য একটি সাবগ্রুপের সদস্য হতে পারবে না, শুধুমাত্র ক্রমিক নং ৭ এ বর্ণিত ক্ষেত্র ব্যতিত;
৭. পর্যায়ক্রমে দুই বা ততোধিক সাবগ্রুপকে একত্রিত করে একটি সাবগ্রুপ এবং পরবর্তীতে সমিতি পর্যায়ে ঋণ বিতরণের আওতায় আনয়ন করতে হবে;
৮. ক্রমাগতই সমিতির সকল সাবগ্রুপ বিলোপ করে সমিতির সকল ঋণী সদস্যদের একত্রে সমিতিভিত্তিক ঋণ কার্যক্রমের আওতায় আনয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

প্রকল্প/কর্মসূচির স্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোহাম্মদ মাসুদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪

ইমেইল:-iresppwad@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (সংশ্লিষ্ট জেলা)
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (প্রকল্পভুক্ত সকল উপজেলা)
৫. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)
৭. অফিস নথি।